গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ০১ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১১.০০টায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা মিজ নুরুন নাহার হেনা (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট শিক্ষা ভবন, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন। | বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়। | গত ০৯ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কার্যক্রমসমূহ পর্যালোচনা ও ওয়েবসাইটে আপলোডকরণ। | জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক ও বিকল্প ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর বিভিন্ন কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও সূচকের মান সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যক্রমসমূহ চলতি অর্থবছরের চারটি ত্রৈমাসিকে সফলতার সঙ্গে সম্পাদনসহ কর্মপরিকল্পনাটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনায় গৃহীত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করে মন্ত্রণালয়ের তদন্ত ও শৃঙ্খলা শাখায় প্রেরণসহ কর্মপরিকল্পনাটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৩. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | বিকল্প ফোকাল পয়েন্ট জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী চলতি অর্থবছরের ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে দুটি প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা রয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্স দুটি নির্ধারিত সময় অনুযায়ী সম্পন্ন করা যায়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে দুটি প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৪. | ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক অনুমোদন করে ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। ইউনিটের অনুকূলে উন্নয়ন খাতে কোনো প্রকার বরাদ্দ প্রদান করা হয় না। পিপিআর-২০০৮ এর | ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনপূর্বক ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও হিসাবরক্ষণ কর্মকর্তা |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | তফসিল ৫-এ বর্ণিত ফর্ম অনুসরণ করে রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা যায়। | | |
| ৫. | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | জাতীয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩.১ কার্যক্রম অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে ন্যূনতম ১টি করে সচেতনতা সভা আয়োজন করা যায়। টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহের বিধি মোতাবেক ব্যবহার নিশ্চিতের নিমিত্ত একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। | টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহের বিধি মোতাবেক ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ) কে আহ্বায়ক, হিসাবরক্ষণ অফিসারকে সদস্য এবং উপপরিচালক (প্রশাসন) কে সদস্য সচিব করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৬. | অফিসের সামনে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত অভিযোগ বাক্স স্থাপন। | অনলাইনে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহের উপর ব্যবস্থা গ্রহণের বিষয়ের আলোচনা করা হয়। অফিসের অভিযোগ বাক্সটি বিনষ্ট হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এ অবস্থায়, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩.৩ কার্যক্রম অনুযায়ী অফিসের সামনে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত অভিযোগ বাক্স স্থাপন করার বিষয়ে মত প্রকাশ করা হয়। | অনলাইনে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহের উপর ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করাসহ অফিসের সামনে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত অভিযোগ বাক্স স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৭. | অধীনস্ত শাখা পরিদর্শনসহ পেন্ডিং/অনিষ্পন্ন/অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩.৪ কার্যক্রম অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্ত শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পন্ন কাজসহ প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্ত শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পন্ন প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ ও হিসাব) |
| ৮. | বিবিধ।<br><br>অনলাইন সফটওয়্যারে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার তথ্য এন্ট্রি। | বর্তমানে ইউনিটের স্টেনোগ্রাফার কাম-কম্পিউটার অপারেটর জনাব কাজী আলী আশরাফের উপর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত নথির দায়িত্ব অর্পিত আছে। কিন্তু ২০২৩-২০২৪ অর্থবছর থেকে সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমের অনলাইন সফটওয়্যারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রস্তুত ও ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে। বিষয়টি তুলনামূলকভাবে কারিগরি বিধায় জনাব কাজী আলী আশরাফের পক্ষে অনলাইন সফটওয়্যারে তথ্য এন্ট্রি প্রদানের বিষয়টি জটিল হয়ে পড়েছে। এ অবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দক্ষতাসম্পন্ন একজন কর্মচারীকে এ দায়িত্ব প্রদান করা যায়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত নথির দায়িত্ব জনাব মোঃ আরাফাত হোসেন, কম্পিউটার অপারেটরের উপর প্রদান করে অফিস আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


নূরুন নাহার হেনা
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৯
ই-মেইল: cpeimu2011@gmail.com


স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ৬৭৭

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), ............ ......। এ ইউনিট।
০৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন), এ ইউনিট।
০৬। আইন কর্মকর্তা, এ ইউনিট।
০৭। হিসাবরক্ষণ অফিসার, এ ইউনিট।
০৮। জনাব/বেগম মো. আমানত উ. রহমান এ ইউনিট।
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।


১৩/০৮/২০২৩
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার হাজিরা শীট

সভার তারিখ: ০১ আগস্ট ২০২৩ খ্রি, বেলা: ১১.০০টা
স্থান: সভাকক্ষ, সিপিইআইএমইউ

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা<br>উপপরিচালক (প্রশাসন) | সদস্য | |
| ২. | জনাব মোঃ আনোয়ার পারভেজ<br>হিসাবরক্ষণ অফিসার | সদস্য | |
| ৩. | জনাব মোঃ কামাল হোসেন<br>উপপরিচালক (অর্থ ও হিসাব) | ফোকাল পয়েন্ট | |
| ৪. | জনাব মোঃ জিল্লুর রহমান<br>সহকারী পরিচালক (প্রশাসন) | বিকল্প ফোকাল পয়েন্ট | |